# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০২২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের পর একজন ব্যক্তি কোন কোন বিষয় থেকে আশ্রয় চাইবে, তার বিবরণ

ذِكْرُ مَا يتعوَّذ الْمَرْءُ بِاللَّهِ جَلَّ وَعَلَا مِنْهُ فِي عُقَيْبِ الصَّلَوَاتِ

আরবী

2022 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ شَيْبَانَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ وَعَمْرِو بْنِ مَيْمُونٍ الْأَوْدِيِّ قَالَا: كَانَ سَعْدٌ يُعلِّم بَنِيهِ هَؤُلَاءِ الْكَلِمَاتِ كَمَا يُعلِّم الْمَكْتَبُ الْغِلْمَانَ يَقُولُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَتَعَوَّذُ بِهِنَّ بَعْدَ كُلِّ صَلَاةٍ: (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبُخْلِ وَأَعُوذُ بِكَ مِنَ الْجُبْنِ وَأَعُوذُ بِكَ مِنْ أَنْ أُرَدَّ إِلَى أَرْذَلِ الْعُمُرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الدُّنْيَا وَأَعُوذُ بِكَ مِنْ عذاب القبر)

الراوي : مُصْعَب بْن سَعْدٍ وَعَمْرو بْن مَيْمُونٍ الْأَوْدِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2022 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3937)

বাংলা

২০২২. মুস‘আব বিন সা'দ ও আমর বিন মাইমূন আল আওদী থেকে বর্ণিত, তারা বলেন, সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর ছেলেদের নিচের কালিমাসমূহ সেভাবে শিক্ষা দিতেন, যেভাবে মকতবে শিশুদের শিক্ষা দেওয়া হয়। তিনি বলতেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসব কালিমাসমূহের মাধ্যমে প্রত্যেক সালাতের পর আশ্রয় প্রার্থনা করতেন। (কালিমাগুলো হলো) اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبُخْلِ وَأَعُوذُ بِكَ مِنَ الْجُبْنِ وَأَعُوذُ بِكَ مِنْ أَنْ أُرَدَّ إِلَى أَرْذَلِ الْعُمُرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الدُّنْيَا وَأَعُوذُ بِكَ مِنْ عذاب القبر (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আশ্রয় চাই কৃপণতা থেকে, আমি আপনার কাছে আশ্রয় চাই ভীরুতা থেকে, আমি আপনার কাছে আশ্রয় চাই অতি বার্ধ্যক্যে উপনীত হওয়া থেকে, আমি আপনার কাছে আশ্রয় চাই দুনিয়ার ফিতনা থেকে এবং আমি আপনার কাছে আশ্রয় চাই কবরের আযাব থেকে)।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৪৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৮৮; সহীহ আল বুখারী: ৬৩৯০; মুসনাদ আহমাদ: ১/১৮৩; নাসাঈ: ৮/২৫৬; তিরমিযী: ৩৫৬৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৯৩৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুস‘আব ইবনু সা‘দ (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন